

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
হিসাব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০



স্মারক নং সিএএফও/পবম/বিবিধ/খন্ড-২/২২/ ২২৪৪

তারিখঃ ২৯/০৮/২০২১ খ্রিঃ

বিষয়ঃ বিভিন্ন শূন্য পদে প্রয়োজনীয় সংখ্যক আইবাস++ সিস্টেমে দক্ষ লোকবল পদস্থাপন প্রসংগে।

সূত্র:- সিএএফও/পবম/বিবিধ/খন্ড-২/২২/১৪১৮

তারিখঃ ০৯/১১/২০২০ খ্রিঃ (সংলগ্নী-১)

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

১। এ কার্যালয়ে প্রি-অডিটের মাধ্যমে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এবং পরিবেশ অধিদপ্তর, ন্যাশনাল হারবেবিয়াম এর আওতাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের বিল নিষ্পত্তি ও কর্মকর্তাদের এলপিসি ইস্যু ও গ্রহন, বেতন নির্ধারণ, পেনশন কেইস নিষ্পত্তি, লাম্প গ্রান্ট বিল, জিপিএফ অগ্রিম ও চূড়ান্ত ও অন্যান্য দাবীর বিল আইবাস++ সিস্টেমের মাধ্যমে নিষ্পত্তি করা হয়।

২। পোস্ট অডিটের আওতায় বাংলাদেশ বন বিভাগের ৬৯টি পে পয়েন্ট হতে প্রেরিত ক্যাশ হিসাব যাচাই, কর্মচারীগণের চাকুরী বহি, পেনশন কেইস, লাম্প গ্রান্ট বিল, এবং কর্মকর্তা/কর্মচারীগণের জিপিএফ ফাইনাল পেমেন্টের অথরিটি প্রদান করা হয়।

৩। এ কার্যালয়ে ১৫ জন অডিটর পদের বিপরীতে ০৫ জন অডিটর কর্মরত, ০৪ জন জু:অডিটর পদের বিপরীতে ০১ জন কর্মরত, সাঁট মুদ্রাঙ্কিত কাম কম্পিউটার অপারেটর ০১টি পদের বিপরীতে কেউ কর্মরত নেই, অফিস সহায়ক ০৩টি পদের বিপরীতে ০১ জন কর্মরত আছে।

৪। বন বিভাগের কর্মরত ৬৫০০ কর্মকর্তা/কর্মচারীদের জিপিএফ হিসাব আইবাস++ সিস্টেমে এন্ট্রি এবং সিটিজেন চার্টার অনুযায়ী সেবা প্রদান করতে যেয়ে স্বল্প সংখ্যক লোকবলকে ছুটির দিনে অক্লান্ত পরিশ্রম করেও যথাসময়ে সেবা প্রদান অনেক সময় কষ্টকর হয়ে পড়ে। অধিকন্তু পোস্ট অডিটের আওতাধীন অফিস সমূহের কর্মকর্তা/কর্মচারীর পে বিল এবং জিপিএফ সিএএফও কার্যালয়ের মাধ্যমে ইএফটির আওতায় আনতে ক্রমিক (৩) বিবেচনায় নিয়ে লোকবল পদস্থাপন প্রয়োজন। এ বিষয়ে সূত্রোক্ত স্মারকে পত্র লিখা হয়েছিল।

এমতাবস্থায় উপরিউক্ত বিষয় বিবেচনা করে এ কার্যালয়ে জরুরী ভিত্তিতে আইবাস++ সিস্টেমে দক্ষ প্রয়োজনীয় সংখ্যক লোকবল পদস্থাপনের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষর

(সরকার মোহাম্মদ খায়রুল আলম)
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
ফোন : ৫৮৩১৫৭৭৫

হিসাব মহানিয়ন্ত্রক

হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়

হিসাব ভবন,

সেগুনবাগিচা, ঢাকা।

[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত হিসাব মহানিয়ন্ত্রক (প্রশাসন, হিসাব ও পদ্ধতি)]।

স্মারক নং সিএএফও/পবম/বিবিধ/খন্ড-২/২২/ ২২৪৪/২

অনুলিপিঃ

০১। অফিস কপি।

০২। গার্ড ফাইল।

তারিখঃ ২৯/০৮/২০২১ খ্রিঃ

স্বাক্ষর
তারিখঃ ২৯/০৮/২১
(শামছিন্নাইর)

অডিট এন্ড একাউন্টস অফিসার
ফোন : ৮৩৯১৮০৫